ক সেট

## জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, ২০১৩

### ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল + বহুনির্বাচনি অভীক্ষা)

[২০১৩ সালের সিলেবাস অনুযায়ী]

বিষয় কোড : | 1 | 1 | 1 |

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০ + ৪০ = ১০০

### সৃজনশীল প্রশ্ন

মান—৬০

[দ্রষ্টব্য :—ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

নম্বর

১। আশা একটি মেয়ে। তার ধারণা যেহেতু কিয়ামত পর্যন্ত মানুষ আসতে থাকবে সেহেতু তাদের সৎপথ প্রদর্শনের জন্য কিয়ামত পর্যন্ত নবী-রাসূলও আসবেন। অপরদিকে রাইসা মনে করে, মানুষের উন্নতি তার কর্মের উপরই নির্ভর করে। এখানে অন্য কিছু চিন্তা করার সুযোগ নেই আর এটি নির্ধারিতও নয়। যে যেমন কর্ম করবে সে তেমন ফল পাবে।

(ক) আখিরাত শব্দের অর্থ কী? ১

(খ) শাফায়াতে কুবরা বলতে কী বোঝায়? ২

(গ) আশার মনোভাবটি ইসলামের কোন বিধানের পরিপন্থী? ব্যাখ্যা কর। ৩

(ঘ) রাইসার ধারণাটি কী যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। জাবের ও ফাহিম দুই ভাই। জাবের সরকারি কর্মচারি হওয়ায় যথাসময়ে কর্মস্থলে আসে, অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে। কাজে কখনো অবহেলা করেনা। কাজের জন্য বিনিময় গ্রহণ করেনা। ফাহিম উচ্চ শিক্ষিত হওয়া সত্ত্বেও কোনো চাকুরি কিংবা ব্যবসা-বাণিজ্য করেনা। সে তার ভাই জাবেরের সংসারেই থাকে এবং বড় ভাইয়ের উপার্জনের উপর নির্ভর করে।

(ক) ইসলামের প্রধান ভিত্তি কী? ১

(খ) আসমাউল হুসনা বলতে কী বোঝায়? ২

(গ) ফাহিম মহান আল্লাহর কোন গুণ অনুসরণ করতে ব্যর্থ হয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) জাবেরের কর্মকাণ্ড ইমান ও নৈতিকতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। আরিফ চৌধুরী প্রতি বছর রমযান মাসে সম্পদের হিসাব করেন এবং নির্দিষ্ট অংশ তাঁর এলাকার দরিদ্র, অভাবীদের মাঝে বন্টন করেন। তিনি তাদেরকে নগদ টাকা না দিয়ে রিক্সা, ভ্যান, গরু, ছাগল, ব্যবসার কাঁচামাল ইত্যাদি কিনে দেন। তাঁর ছোট ভাই সাদেক চৌধুরী সমাজে প্রতিষ্ঠা লাভের জন্য বছরশেষে হিসেব করে নির্দিষ্ট পরিমাণ অর্থ শুধুমাত্র তার পছন্দের লোকদের মাঝে বিতরণ করেন।

(ক) 'নিসাব' শব্দের অর্থ কী? ১

(খ) যাকাতের নিসাব বলতে কী বোঝায়? ২

(গ) সাদেক চৌধুরীর কাজের মাধ্যমে কার আদেশ লংঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) আরিফ চৌধুরীর এভাবে অর্থদানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। জুমআর নামাযের খুৎবায় মাওলানা আনসার উদ্দীন ইসলামের গুরুত্বপূর্ণ একটি ইবাদত নিয়ে আলোচনা করতে গিয়ে বললেন, এমন একটি ইবাদত আছে যা নির্দিষ্ট নিয়মে, নির্ধারিত সময়ে, নির্ধারিত স্থানে, তওয়াফের মাধ্যমে সম্পন্ন করতে হয় এবং উহা সকল মুসলমানের উপর ফরয নয়। হাদিসে এসেছে, এই ইবাদতের প্রতিদান একমাত্র জান্নাত। আলোচনা শুনে জনাব আহমদ বললেন, "উক্ত ইবাদতের মাধ্যমে সারা জাহানের মুসলিমদের মাঝে ঐক্য ও ভ্রাতৃত্ব সৃষ্টি হয়"।

(ক) কুরবানির সমার্থক শব্দ কী? ১

(খ) আকিকা বলতে কী বোঝায়? ২

(গ) জনাব মাওলানা আনসার উদ্দীন তাঁর বক্তব্যে কোন ইবাদতের প্রতি ইঙ্গিত করেছেন? আলোচনা কর। ৩

(ঘ) জনাব আহমদের বক্তব্যটি পাঠ্যবইয়ের আলোকে পর্যালোচনা কর। ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

Copyright @ Md Shah Jamal edubd24.com
http://edubd24.com

নম্বর

৫। আসাদ কুরআনের শিক্ষা অনুযায়ী তার জীবনকে গড়ে তুলতে চায়। এজন্য সে প্রথমে তার মায়ের কাছ থেকে শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত শিখে। তার মা তাকে নুন সাকিন ও তানবিনের নিয়ম শিখান। সাথে সাথে আসাদ অর্থ বুঝে কুরআন মাজিদের জ্ঞান অর্জনে তৎপর হয়।

(ক) 'লাইলাতুল কদর' এর অর্থ কী? ১

(খ) তাজভীদের জ্ঞান অর্জন করতে হবে কেন? ২

(গ) আসাদ মায়ের কাছ থেকে কুরআন পড়ার যে নিয়মগুলো শিখেছে, তাকে কী বলে? কুরআন তিলাওয়াতে এর গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

(ঘ) আসাদ কুরআন মাজিদের জ্ঞান অর্জনে তৎপর হওয়ায় তার ইহলৌকিক ও পারলৌকিক সফলতা বিশ্লেষণ কর। ৪

৬। ২০১০ সালে জাপানে ভয়াবহ ভূমিকম্প ও সুনামি আঘাত হানে। ফলে জাপানের ফুকুশিমা নগরটি মুহূর্তের মধ্যে ধ্বংসস্তূপে পরিণত হয়। সাগরের পানি শহরে প্রবেশ করে শহরের ঘর-বাড়ি ও গাড়ি নিমিশেই বিলীন করে দেয়। এ দৃশ্য টিভিতে দেখে মাওলানা মাসউদের পবিত্র কুরআনের একটি সূরার কথা মনে পড়ে। তাঁর ছেলে সাদী বললো, বাবা এ সূরায় মানব জীবন পরিসমাপ্তির পর হিসাব-নিকাশের কথাও জোরালোভাবে বলা হয়েছে।

(ক) কুরআন মাজিদ এক সাথে কোথায় নাযিল হয়? ১

(খ) কুরআনকে আল ফুরকানও বলা হয় কেন? ২

(গ) উল্লিখিত দৃশ্য দেখে মাওলানা মাসউদ কোন সূরার কথা স্মরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

(ঘ) সাদীর কথার যৌক্তিকতা সংশ্লিষ্ট সূরার আলোকে পর্যালোচনা কর। ৪

৭। জনৈক ব্যক্তি নিজ গ্রামে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন। শ্রমজীবী মানুষের জন্য নৈশ বিদ্যালয় স্থাপন করেছেন। স্থানীয় লোকদের পানীয় জলের কষ্ট দূর করার জন্য গভীর নলকূপ বসিয়েছেন। গ্রামের ভাঙ্গা রাস্তা ও পুল মেরামত করে দিয়েছেন। সবাই তাঁর প্রশংসা করলেও শিকদার মিয়া তাকে মোটেও সহ্য করতে পারে না। তার সুনামে ঈর্ষান্বিত হয়ে সে তাঁর কুৎসা রটনা করে এবং ক্ষতি করার চেষ্টা করে।

(ক) হত্যা অপেক্ষাও জঘন্য কী? ১

(খ) পরমত সহিষ্ণুতা বলতে কী বোঝায়? ২

(গ) জনৈক ব্যক্তির মধ্যে আখলাকে হামিদার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) শিকদার মিয়ার কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে বিশ্লেষণ কর। ৪

৮। আরিফ সাহেব একটি এনজিও এর উর্ধ্বতন কর্মকর্তা। উক্ত এনজিওতে তার সুপারিশে তার বন্ধুর ভাই রাশেদ নিয়োগ পায়। কৃতজ্ঞতাস্বরূপ রাশেদ কর্মকর্তার বাড়িতে গিয়ে একটি স্বর্ণের বল উপহার দেয়। আরিফ সাহেব তা সাদরে গ্রহণ করেন। পরবর্তীতে আরিফ সাহেবের বোনের মেয়ে সোনিয়া কাউকে না বলে সে বলটি নিয়ে যায়।

(ক) ফিতনা-ফাসাদের আধুনিক রূপ কোনটি? ১

(খ) ঘৃণা কী মানবীয় গুণ বলে বিবেচিত হয়? বুঝিয়ে লেখ। ২

(গ) সোনিয়ার কাজে কী প্রকাশ পেয়েছে? উহা প্রতিকারের উপায় ব্যাখ্যা কর। ৩

(ঘ) আরিফের কাজের ফলাফল পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। মাসুমা সর্বদা শালীনতা বজায় রেখে চলে। কিছু দুষ্ট লোক তার পরিবারকে হেয় করার জন্য তার চরিত্র নিয়ে অপবাদ দেয়। পরবর্তীতে মাসুমা নির্দোষ প্রমাণিত হয়। পক্ষান্তরে; তানিয়া অশালীন চলাফেরা করে এবং পাড়ার বন্ধুদের সাথে তার সখ্যতার শেষ নেই। তাকে কেউ দোষারোপ করতে সাহস করে না।

(ক) হিজরি সনের কোন মাসে মক্কা বিজয় হয়? ১

(খ) উমার বিন আব্দুল আযিযকে কেন উমাইয়া সাধু বলা হয়? ২

(গ) মাসুমার ঘটনার সাথে কোন মহিয়সী নারীর ঘটনার মিল আছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) তানিয়ার কার্যক্রমের কুফল পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

Copyright @ Md Shah Jamal
edubd24.com
http://edubd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ—সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে কাল বল পয়েন্ট কলম দ্বারা টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মানব জাতির হেদায়েতের প্রধান উৎস কী?
(ক) কুরআন (খ) সুন্নাহ
(গ) ইজমা (ঘ) কিয়াস

২। 'আল-ফুরকান' শব্দের অর্থ কী?
(ক) হালাল ও হারামের পার্থক্যকারী
(খ) রহমত ও করুণা প্রদর্শনকারী
(গ) ন্যায় ও সত্যের পথ প্রদর্শনকারী
(ঘ) ন্যায়-অন্যায়ের পার্থক্যকারী

৩। "যার আমানতদারি নেই তার ঈমানও নেই।"—হাদিসটি কোন গ্রন্থে আছে?
(ক) তিরমিযি (খ) মুসনাদে আহমদ
(গ) বায়হাকি (ঘ) ইবনে মাযাহ্

৪। 'সূরা কুরাইশ'—এর আয়াত সংখ্যা কত?
(ক) আট (খ) ছয়
(গ) পাঁচ (ঘ) চার

৫। কদর রাতের মর্যাদা এত বেশি কেন?
(ক) ফেরেশতা নাযিল হওয়ার কারণে
(খ) পবিত্র কুরআন নাযিল হওয়ার কারণে
(গ) এ রাতে সকলে ইবাদত করার কারণে
(ঘ) এ রাতে অধিক দু'আ করার কারণে

নিচের অনুচ্ছেদটি পড় এবং **৬ ও ৭ নং** প্রশ্নের উত্তর দাও ঃ—

আলাউল ছোটবেলা থেকে তাজভিদের সহিত কুরআন তিলাওয়াত করলেও কোনো আয়াতের অর্থ জানে না। বদিউল তাজভিদের দিকে খেয়াল কম রাখলেও অর্থসহ কুরআন তিলাওয়াত করে।

৬। আলাউলের কুরআন পাঠের কাজটি—
*i.* সর্বশ্রেষ্ঠ নফল ইবাদত
*ii.* তাজবিদসহ কুরআন অধ্যয়ন
*iii.* শ্রেষ্ঠ পন্থায় কুরআন অধ্যয়ন

নিচের কোনটি সঠিক?
(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i*, *ii* ও *iii*

৭। আলাউল ও বদিউল সমান সওয়াব পাবে, যদি তারা—
(ক) তাজভিদ ও অর্থসহ কুরআন পড়ে
(খ) একে অপরের সাথে বন্ধুত্ব স্থাপন করে
(গ) তাজভিদসহ কুরআন পড়া শ্রেষ্ঠ ইবাদত মনে করে
(ঘ) শুধু অর্থসহ কুরআন পাঠকে প্রাধান্য দেয়

৮। 'কালিমুল্লাহ' কার উপাধি?
(ক) হযরত মূসা (আঃ)
(খ) হযরত সুলাইমান (আঃ)
(গ) হযরত ঈসা (আঃ)
(ঘ) হযরত মুহাম্মদ (সাঃ)

৯। 'ফাতহুম মুবিন' অর্থ—
(ক) শান্তি চুক্তি (খ) সুস্পষ্ট বিজয়
(গ) হুদায়বিয়ার সন্ধি (ঘ) মক্কা বিজয়

১০। হযরত মুহাম্মদ (সাঃ) ও আয়িশা (রাঃ) এর বিবাহের ঘটক কে ছিলেন?
(ক) ফাতেমা (রাঃ)
(খ) উম্মুল খায়ের
(গ) খাওলা বিনতে হাকিম
(ঘ) খাদিজা বিনতে খুয়াইলাদ

১১। 'উমাইয়া সাধু' কার উপাধি?
(ক) উমার বিন আব্দুল আযিযের
(খ) হযরত উমার (রাঃ)-এর
(গ) হযরত ওসমান (রাঃ)-এর
(ঘ) হযরত মুয়াবিয়া (রাঃ)-এর

১২। হযরত আয়িশা (রাঃ) সম্বন্ধে পবিত্র কুরআনের আয়াত নাযিল হওয়ায়—
*i.* মুনাফিকদের ষড়যন্ত্র ব্যর্থ হয়
*ii.* আয়িশা (রাঃ) তাঁর গলার হার ফিরে পান
*iii.* রাসূল (সাঃ) চিন্তামুক্ত হন

নিচের কোনটি সঠিক?
(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i*, *ii* ও *iii*

১৩। মহানবী (সাঃ) কোথায় বিদায় হজ্বের ভাষণ দেন?
(ক) মুযদালিফায় (খ) মিনায়
(গ) আরাফায় (ঘ) মদিনায়

১৪। হযরত মূসা (আঃ) কত খ্রিস্ট পূর্বে স্বপরিবারে মাদায়িন থেকে মিসরের উদ্দেশ্যে যাত্রা করেন?
(ক) ১২৮৮ (খ) ১২৮৯
(গ) ১২৯২ (ঘ) ১২৯৮

১৫। জনাব আব্দুল্লাহ নওমুসলিম সিয়ামকে আমরণ আশ্রয় দিলেন।
জনাব আব্দুল্লাহর কাজটি পরিচয় বহন করে—
(ক) সম্প্রীতির (খ) ভ্রাতৃত্বের
(গ) ভালোবাসার (ঘ) আত্মীয়তার

১৬। হযরত ঈসা (আঃ) আল্লাহর আদেশে মাটির তৈরি পাখিকে ফুৎকার দিয়ে জ্যান্ত বানিয়ে ফেলতেন।—এর মাধ্যমে প্রকাশ পায়—
*i.* মুজিজা
*ii.* পারদর্শিতা
*iii.* অলৌকিক ক্ষমতা

নিচের কোনটি সঠিক?
(ক) *i* ও *ii* (খ) *i* ও *iii*
(গ) *ii* ও *iii* (ঘ) *i*, *ii* ও *iii*

১৭। মুনাফিকের চিহ্ন কয়টি?
(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়

http://edubd24.com

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

১৮। আহার-নিদ্রার প্রয়োজন নেই—
(ক) জিনদের (খ) ইনসানদের
(গ) অলিদের (ঘ) ফেরেশতাদের

১৯। জান্নাত লাভের জন্য দুনিয়াতে সর্বপ্রথম কাজ কোনটি?
(ক) ঈমান আনা (খ) নামায প্রতিষ্ঠা করা
(গ) যাকাত আদায় করা (ঘ) রোযা রাখা

২০। 'মুহাইমিন' শব্দের অর্থ কী?
(ক) অতিশয় দয়াবান (খ) রক্ষণাবেক্ষণকারী
(গ) অমুখাপেক্ষী (ঘ) হিসাব গ্রহণকারী

২১। ঈমানের মৌলিক বিষয় কয়টি?
(ক) পাঁচ (খ) ছয়
(গ) সাত (ঘ) আট

২২। কয়টি কারণে এক নবীর পর অন্য নবী আসতেন?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ

২৩। কারা নিজেদের মুসলিম দাবি করে—অথচ মুসলিম নয়?
(ক) মুনাফিকরা (খ) কাফিররা
(গ) ফাসিকরা (ঘ) অহংকারীরা

২৪। পরিপূর্ণ জীবন-বিধান বলতে বোঝায়—
(ক) যাতে নবীদের কাহিনী আছে
(খ) যার মধ্যে ফৌজদারি বিধান রয়েছে
(গ) যাতে পারিবারিক নীতি রয়েছে
(ঘ) যাতে সকল বিধান রয়েছে

২৫। কোথায় যুহর ও আসরের নামায একত্রে আদায় করতে হয়?
(ক) আরাফায় (খ) মিনায়
(গ) মুযদালিফায় (ঘ) জিদ্দায়

২৬। যাকাত ফরয হওয়ার শর্ত কয়টি?
(ক) চার (খ) পাঁচ
(গ) ছয় (ঘ) সাত

২৭। সমাজে অর্থনৈতিক ভারসাম্য রক্ষা পায়—
(ক) ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে
(খ) কল-কারখানা স্থাপনের মাধ্যমে
(গ) যাকাত আদায়ের মাধ্যমে
(ঘ) এনজিও প্রতিষ্ঠার মাধ্যমে

২৮। মরুভূমিতে কোথায় পাখি ওড়ে?
(ক) যেখানে অট্টালিকা থাকে
(খ) যেখানে পানি থাকে
(গ) যেখানে গাছ-পালা থাকে
(ঘ) যেখানে কলকারখানা থাকে

২৯। শরিফ সাহেব তাঁর পুত্র সন্তানের জন্মের ৭ম দিনে পশু যবেহ করে আত্মীয়-স্বজনদের বাড়িতে দাওয়াত করে খাওয়ান।
শরিফ সাহেবের কাজটি কী হিসেবে গণ্য হবে?
(ক) ফিতরা (খ) সাদকা
(গ) কুরবানি (ঘ) আকিকা

৩০। হজ্জের ফরয কয়টি?
(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও ঃ—

সাবিহা তার যাকাতের অর্থ এক অমুসলিম প্রতিবেশিকে দিলেন। অপরদিকে তার বান্ধবী সালিহা হজ্জ পালন করতে গিয়ে তাওয়াফে যিয়ারত করেননি।

৩১। এ অবস্থায় সাবিহা লক্ষ্য করেননি—
(ক) যাকাতের মাসারিফের শর্তের দিকে
(খ) যাকাত ফরয হওয়ার নিসাবের দিকে
(গ) যাকাত ফরয হওয়ার দিকে
(ঘ) যাকাতের গুরুত্বের দিকে

৩২। সালিহা হজ্জের কোন বিধানটি লঙ্ঘন করেছেন?
(ক) মুস্তাহাব (খ) সুন্নাত
(গ) ওয়াজিব (ঘ) ফরয

৩৩। এইচ আই ভি রোগ ছড়ানোর প্রধান কারণ কয়টি?
(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়

৩৪। কারা পরস্পর মিলে একটি ইমারতস্বরূপ?
(ক) মুসলিমগণ (খ) মুমিনগণ
(গ) মানুষগণ (ঘ) জিন ও মানুষগণ

৩৫। মুমিনের পরিমাপ দণ্ডে কিয়ামতের দিন সবচেয়ে ভারী হবে—
(ক) কুরআন তিলাওয়াত (খ) অধিক দান-খয়রাত
(গ) উত্তম চরিত্র (ঘ) তাহাজ্জুদ নামায

৩৬। কোনটি মানব জীবনের একটি মহৎ গুণ?
(ক) আদর্শ (খ) সম্প্রীতি
(গ) শ্রদ্ধা (ঘ) ধৈর্য্য

৩৭। ইসলাম কেন দরিদ্র, অশিক্ষা, বেকারত্ব ও নৈতিক অবক্ষয় রোধে জোর তাকিদ দিয়েছে?
(ক) সামাজিক বৈষম্য দূর করার জন্য
(খ) সন্ত্রাস নির্মূলের জন্য
(গ) দারিদ্র্য দূর করার জন্য
(ঘ) চৌর্যবৃত্তি দূর করার জন্য

৩৮। রানা প্লাজার ধ্বংসস্তুপ থেকে পোষাক কর্মীকে উদ্ধার করতে গিয়ে এক সেনা কর্মকর্তা আহত হয়ে সিঙ্গাপুরে চিকিৎসারত অবস্থায় মারা যান। তাঁর এ আত্মত্যাগ কিসের দৃষ্টান্ত?
(ক) দেশপ্রেমের (খ) মর্যাদার
(গ) বীরত্বের (ঘ) ন্যায়পরায়ণতার

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও ঃ—

হাফিজ ও নাজির সাহেব একই অফিসে চাকুরি করেন। রমযান মাসে নাজির সাহেব একটি বিশেষ কাজের জন্য হাফিজ সাহেবের নিকট গেলে তিনি বলেন, সামনে ঈদ কিছু বাড়তি খরচ না দিলে কিভাবে কাজ করে দিব? নাজির সাহেব তার প্রস্তাবে সম্মত হলেন।

৩৯। হাফিজ সাহেবের কাজটি কী হিসেবে গণ্য হবে?
(ক) সুদ (খ) ঘুষ
(গ) দান (ঘ) উপহার

৪০। হাফিজ সাহেবের আহ্বানে সাড়া দেয়ায় নাজির সাহেব পরিচয় দিয়েছেন—
*i.* উদারতার
*ii.* অন্যায়ের
*iii.* ঘুষের
নিচের কোনটি সঠিক?
(ক) *i* ও *ii* (খ) *ii* ও *iii*
(গ) *i* ও *iii* (ঘ) *i, ii* ও *iii*

Copyright @ Md Sirajul Jamal
edubd24.com